

# আশ্রয়ণ প্রকল্পে পঞ্চগড়ঃ বাংলাদেশের প্রথম ভূমিহীন ও গৃহহীনমুক্ত

জেলা[উৎস সম্পাদনা]

“বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবেনা” -মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নে দেশের সকল ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তারই ধারাবাহিকতায় পঞ্চগড় জেলার ০৫ টি উপজেলায় ৪৩ টি ইউনিয়নের প্রতিটি গ্রামে ভূমিহীন ও গৃহহীন পরিবার নির্বাচনে জেলার প্রতিটি হাট বাজারে ভূমিহীন ও গৃহহীনের নিকট আবেদন আহবানপূর্বক ঢোল - সহরত ও মাইকিং করে ভূমিহীন ও গৃহহীনদের নিকট আবেদন গ্রহণ করা হয়। মসজিদ, অন্যান্য উপসনালয় ও জনসমাগমপূর্ণ স্থানে ব্যাপক প্রচারের মাধ্যমে ভূমিহীন ও গৃহহীনদের নিকট আবেদন আহবান করা হয়। জেলা প্রশাসন, পঞ্চগড় এবং সংশ্লিষ্ট উপজেলা নিজ নিজ প্রশাসনের ফেইসবুক পেইজ ও আইডিএর মাধ্যমে এ বিষয়ে প্রচারণা ও কার্যক্রম গ্রহণ করা হয়। ৪৩ টি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের সদস্য, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, গ্রাম পুলিশ ও স্থানীয় গণ্যমান্যদের সমন্বয়ে টিম করে প্রাথমিকভাবে ভূমিহীন ও গৃহহীন পরিবার বাছাই করা হয়। বর্ণিত প্রক্রিয়ায় প্রাপ্ত আবেদনসমূহ ইউনিয়ন পরিষদের মাধ্যমে যাচাই বাছাই করে উপজেলা টাঙ্কফোর্স কমিটির নিকট প্রেরণ করা হয়। উপজেলা টাঙ্কফোর্স কমিটি জেলা টাঙ্কফোর্স কমিটিতে প্রেরণ করেন।

"আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন।" - বঙ্গবন্ধুর এই স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে আশ্রয়ণ- ২ প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে পঞ্চগড় জেলায় ১০৫৭ জন এবং ২য় পর্যায়ে ১৩৫৯ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারের মধ্যে ০২ শতাংশ জমিসহ একক গৃহ প্রদান করা হয়েছে। ৩য় পর্যায়ে ১৭৬ টি স্পটে (পঞ্চগড় সদর উপজেলায় ৬৫২ জন, বোদা উপজেলায় ৩৫১ জন, দেবীগঞ্জ উপজেলায় ৭৭০, তেঁতুলিয়া উপজেলায় ৪৫০ জন এবং আটোয়ারী উপজেলায় ২১১ জন) মোট ২,৪৩৪ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারের মধ্যে জমিসহ একক গৃহ নির্মাণের উদ্যোগ নেয়া হয়।

২৬-০৪-২০২২ তারিখে ৩য় পর্যায়ের ১ম ধাপে মাননীয় প্রধানমন্ত্রী পঞ্চগড় জেলায় ঈদ উপহার হিসেবে ১০২১ টি ভূমিহীন ও গৃহহীন পরিবারকে ০২ শতক জমিসহ একক গৃহ প্রদান করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২১ জুলাই ২০২২ তারিখ বৃহস্পতিবার ৩য় পর্যায়ের (২য় ধাপ) অবশিষ্ট ১৪১৩ টি একক গৃহসমূহ ভূমিহীন ও গৃহহীন পরিবারের নিকট জমিসহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী গণভবন প্রান্ত হতে ভার্চুয়ালী পঞ্চগড় জেলায় পঞ্চগড় সদর উপজেলায় ০৩ নং পঞ্চগড় সদর ইউনিয়ন পরিষদের অন্তর্ভুক্ত মাহানপাড়া আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের সাথে কথা বলেন এবং **পঞ্চগড় জেলাকে ১ম ভূমিহীন ও গৃহহীনমুক্ত জেলা হিসেবে ঘোষণা করেন।** উক্ত অনুষ্ঠানে মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়, মাননীয় সংসদ সদস্য পঞ্চগড় -০১, বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর, উপ-মহা পুলিশ পরিদর্শক, রংপুর, প্রশাসক, জেলা পরিষদ, উপজেলা পরিষদ চেয়ারম্যান, বীরমুক্তিযোদ্ধা, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, জনপ্রতিনিধিগন, সাংবাদিকগন ও উপকারভোগীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ মাহানপাড়া আশ্রয়ণ প্রকল্প প্রান্তে উপস্থিত ছিলেন।

**উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী পঞ্চগড় জেলাকে বাংলাদেশের ১ম ভূমিহীন ও গৃহহীনমুক্ত জেলা হিসেবে ঘোষণা করেন।**

উল্লেখ্য, পঞ্চগড় জেলায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ে সর্বমোট ৪ হাজার ৮ শত ৫০ টি ভূমিহীন-গৃহহীন পরিবার চিহ্নিত করা হয়েছে এবং এ যাবৎ ৭৩.২১ একর খাস জমি অবৈধ দখল হতে উদ্ধার করা হয়েছে। এই

৪,৮৫০টি পরিবারে মোট ১৫,১৫৯ জন আশ্রয়হীন মানুষ আত্মমর্যাদার ঠাই পেয়েছে। এ পরিবারগুলোতে স্কুলগামী মোট শিশুর সংখ্যা ২,৫০০ জন। জেলার প্রতিটি আশ্রয়ণ প্রকল্পের ১.৩ কিলোমিটারের মধ্যে রয়েছে স্কুল, হাট-বাজার, স্বাস্থ্যকেন্দ্র, উন্নত যোগাযোগ ব্যবস্থা ও বিভিন্ন আয়বর্ধক কাজের সুযোগ সুবিধা। এই ৪৮৫০ টি পরিবারের পেশাভিত্তিক ডাটাবেইজ জেলা প্রশাসন সংরক্ষণ করেছে। প্রতিটি পরিবারের জন্য সুপেয় পানির ব্যবস্থা, বিনামূল্যে বিদ্যুৎ সুবিধা, কবুলিয়ত ও জমির নামজারী সম্পন্ন হয়েছে।